

বাংলায় অনুদিত

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

www.bb.org.bd

এফ.ই সার্কুলার নং ০৮

তারিখঃ ১৮ ফেব্রুয়ারী, ২০১৪

বৈদেশিক মুদ্রায় লেনদেনের কাজে নিয়োজিত

সকল অনুমোদিত ডিলারগণ ।

প্রিয় মহোদয়গণ,

ট্রেনিং ও কনসাল্টেন্সি সার্ভিস বাবদ ব্যয় রেমিট্যান্স প্রসঙ্গে ।

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস (২০০৯) এর দশম অধ্যায়ের অনুচ্ছেদ ২৭ অনুযায়ী যে সকল শিল্প প্রতিষ্ঠান দেশীয় বাজারের জন্য উৎপাদন করে থাকে, সে সকল প্রতিষ্ঠানের ট্রেনিং ও কনসাল্টেন্সি ফি বাবদ পূর্ববর্তী বছরের আয়কর রিটার্নে প্রদর্শিত বিক্রয়ের ১% পর্যন্ত বিদেশী প্রশিক্ষক/কনসালটেন্টদের অনুকূলে রেমিটের ক্ষেত্রে সংশ্লিষ্ট চুক্তি অনুযায়ী অথরাইজড ডিলার ব্যাংক প্রাধিকারপ্রাপ্ত । অনুচ্ছেদটিতে শিল্প প্রতিষ্ঠান বলতে ম্যানুফ্যাকচারিং অথবা প্রসেসিং অথবা এ্যাসেম্বলিং এর সাথে জড়িত কোম্পানিকে বোঝানো হয়েছে ।

০২. এক্ষণে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, উপরোল্লিখিত সুবিধা শিল্পনীতির আওতাভুক্ত সেবাখাতভুক্ত শিল্পসমূহের ক্ষেত্রেও প্রযোজ্য হবে ।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫০